



গাইবান্ধার পলাশবাড়ীতে সন্তান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চারপাশ জুড়ে ২৫টির বেশি মৌচাক। আতঙ্কে বিদ্যালয় চত্বরে চলছে পাঠদান

পলাশবাড়ীর সন্তান সরকারি প্রা. স্কুল

# ২৫ মৌচাকে অবরুদ্ধ স্কুল আতঙ্কে মাঠে লেখাপড়া

সংবাদ জাতীয় ডেস্ক

গাইবান্ধার পলাশবাড়ী উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয় অবরুদ্ধ করে ফেলেছে মৌমাছি। উপজেলার কিশোরগাড়ী ইউনিয়নের সন্তান ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চারপাশে মৌচাকের কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। মঙ্গলবার দুপুরে সরেজমিন পরিদর্শনে গিয়ে দেখা যায় দ্বিতল বিদ্যালয়টির চারপাশের কানিশ দিয়ে ২৫টির বেশি বাসা বেঁধেছে মৌমাছির। ফলে বিদ্যালয়ে ঢুকতে পারছেন না শিক্ষার্থী-শিক্ষকরা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ জানান, বিদ্যালয়টি চারপাশে এলাকাজুড়ে সরিসা চাষ করা হয়েছে। সরিসা ফুলে আকৃষ্ট হয়ে মৌমাছির এ এলাকায় পাড়ি জমিয়েছে। যেহেতু মৌমাছি সবসময় উঁচু স্থানে বাসা তৈরি করে। সেক্ষেত্রে বিদ্যালয়টি দ্বিতল হওয়ায় এর চারপাশে মৌচাক তৈরি করেছে এরা। তিনি আরও

জানান, বিদ্যালয়টিতে প্রতিবছরই ৩/৪টি মৌচাক দেখা যায়। কিন্তু এবারের মতো ভয়ানক অবস্থা কখনো হয়নি। শিক্ষার্থীরা ক্লাসরুমে যেতে চায় না। নিরাপত্তার কথা চিন্তা করে বিদ্যালয় চত্বরে ক্লাস নেয়া হচ্ছে। বিদ্যালয়ের ৩য় শ্রেণীর ছাত্র আরিফুল, সুজন, ২য় শ্রেণীর ছাত্র ইমন ও ৪র্থ শ্রেণীর ছাত্র মহব্বত জানান, মৌমাছির সারাদিন উড়তে থাকে। তাই ভয়ে আমরা ক্লাসরুমে যাই না। প্রথমদিনে মৌচাক কম ছিল। তখন আমাদের একাধিক সহপাঠিকে মৌমাছি ছল ফুটিয়েছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার রাজিয়া সুলতানা জানান, বিষয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানিয়েছেন। দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। যাতে লেখাপড়ায় বিঘ্ন না ঘটে। এদিকে, খবরটি ছড়িয়ে পড়লে সাংবাদিকদের পাশাপাশি উপজেলার বিভিন্ন প্রান্ত থেকে উৎসুক মানুষ বিদ্যালয়টি ভিড় জমাচ্ছেন।

সংবাদ জাতীয় ডেস্ক

পৃথক ঘটনায় ঢাকার কেরানীগঞ্জে ও লালমনিরহাটে দুর্বৃত্তের হাতে নির্মমভাবে নিহত যথাক্রমে কৃষক ও এক যুবকের গলাকাট লাশ উদ্ধার করেছে পুলিশ। গত মঙ্গলবার পুলিশ তাদের মরদেহ উদ্ধার করে মর্মে পাঠায়। নিহতদের একজন বাগান শ্রমিক, অন্যজন ইঞ্জিবাইক চালক। প্রতিনিধিরা এখবর জানান।  
কেরানীগঞ্জ (ঢাকা) : কেরানীগঞ্জে নুরুল ইসলাম (৪০) নামে এক কৃষকে গলাকাটে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল সকালে দক্ষিণ কেরানীগঞ্জের ডেঘরিয়া এলাকার একটি কলাবাগান থেকে নুরুল ইসলামের মরদেহ উদ্ধার করে পুলিশ। লাশটি ময়নাতদন্তের জন্য মিটিফোর্ড হাসপাতাল মর্মে পাঠানো হয়েছে। নুরুল ইসলাম ওই কলাবাগানের কৃষি শ্রমিক হিসেবে কাজ করতেন এবং সেখানে অস্থায়ীভাবে নির্মিত খুপরী ঘরে থাকতেন। দক্ষিণ কেরানীগঞ্জ থানার উপ-পরিদর্শক আমিনুল ইসলাম জানান, সকাল ১০টার দিকে ডেঘরিয়া এলাকায় সেনাবাহিনীর প্রকল্পে কলাবাগানের ভেতর অজ্ঞাত এক ব্যক্তির লাশ দেখতে পেয়ে স্থানীয়রা পুলিশে খবর

## কেরানীগঞ্জ লালমনিরহাটে দুই লাশ উদ্ধার

দেয়। আনা যায়, বাগানের জমিটি বাংলাদেশ সেনাবাহিনীর একোয়ার করা। সেনাবাহিনীর কাছ থেকে ডিজিভুর রহমান নামে এক ব্যক্তি ওই জমি ইজারা নিয়ে কলাবাগান করেছেন। ওই কলাবাগানের গাছ ও সংলগ্ন জমিতে শাক সবজির চাষ করতেন নুরুল ইসলাম। তিনি ইজারাদারের কাছ থেকে বেতন নিয়ে এখানে শ্রমিক হিসেবে কাজ করতেন।  
লালমনিরহাট : লালমনিরহাট পৌর এলাকার হাঙ্গা বটেরতল এলাকার একটি ধানক্ষেত থেকে ইঞ্জি বাইক চালক রবেল মিয়া (২২) নামের গলাকাটা এক যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। সে সদর উপজেলার কাশিপুর গ্রামে সাইফুল ইসলামে পুত্র। নিহতের পরিবার সূত্র জানায়, গত সোমবার সকালে রবেল মিয়া তার ইঞ্জি বাইক নিয়ে বাড়ি থেকে বের হলেও অনেক ঝোঁঝুরির পরেও তার বোজ মেলেনি। গত মঙ্গলবার সকালে স্থানীয় লোকজন একটি ধান ক্ষেতে গলাকাটা এক যুবকের লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। পরবর্তীতে পরিবারের সদস্যরা সংবাদ পেয়ে লাশ শনাক্ত করে।